"দক্ষতা নিয়ে যাবো বিদেশ,
রেমিট্যান্স দিয়ে গড়বো স্বদেশ।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
সহকারী পরিচালকের কার্যালয়
শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, খুলনা
৪৬ পলিটেকনিক রোড, খালিশপুর, খুলনা
www.atobmet.khulna.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০১.৪৭০০.০০৯.১৮.০০২.১৪.**৮৮৭**

তারিখ: ০২ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ

# জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাপান গমনেচ্ছুদের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর অধীনস্থ শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, খুলনায় জানুয়ারি-জুন, ২০২৬ খ্রিঃ সেশনের জন্য (১ম ব্যাচ) ৬ মাস মেয়াদী জাপানিজ ভাষা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। এপ্রেক্ষিতে উক্ত জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

## ভর্তি সংক্রান্ত তথ্যাদি, শর্ত ও নিয়মাবলীসমূহ:

| ১ | **কোর্সের নাম** | **জাপানিজ ভাষা (Level-N5 & N4) প্রশিক্ষণ কোর্স** |
|---|---|---|
| ২ | কোর্সের মেয়াদকাল | ৬ মাস [জানুয়ারি-জুন, ২০২৬ খ্রিঃ পর্যন্ত] |
| ৩ | আসন সংখ্যা | ৪০ টি |
| ৪ | ভর্তির যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ |
| ৫ | প্রার্থীর বয়স | ১৭-৩৫ বছর |
| ৬ | শারীরিক যোগ্যতা | শারীরিকভাবে ফিট থাকতে হবে; ছেলেদের জন্য উচ্চতা ন্যূনতম ৫ ফিট ৪ ইঞ্চি হতে হবে। মেয়েদের জন্য উচ্চতা শিথিল যোগ্য |
| ৭ | ভর্তি ফরম বিতরণ ও গ্রহণ | ৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত |
| ৮ | ভর্তি ফরম সংগ্রহ ও জমাদান প্রক্রিয়া | আগ্রহী প্রার্থীকে অত্র দপ্তরের ওয়েবসাইট www.atobmet.khulna.gov.bd হতে ভর্তির নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে অথবা সরাসরি প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে পূরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদনের ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের কপি ও সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি জমা দিতে হবে। |
| ৯ | প্রার্থী বাছাই পরীক্ষা গ্রহণ | ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ |
| ১০ | প্রশিক্ষণার্থী বাছাই প্রক্রিয়া | শারীরিক ফিটনেস যাচাই পূর্বক লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। |
| ১১ | ফলাফল প্রকাশ | ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ |
| ১২ | ভর্তি ও এ্যাসেসমেন্ট ফি | ১,০০০/- (এক হাজার) টাকা অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে [এককালীন] |
| ১৩ | ভর্তি কার্যক্রম | মেধা হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ এবং অপেক্ষমান হতে ১ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ |
| ১৪ | ক্লাসের ইউনিফর্ম | প্রতিদিন নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে ক্লাসে অংশগ্রহণ করতে হবে |
| ১৫ | ক্লাস শুরু | ১ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখ হতে [সপ্তাহে ৫ দিন; রবিবার হতে বৃহস্পতিবার (সকাল ৯:০০ হতে ] |

**কোর্সে ভর্তির সুবিধা:** জাপানে কর্মসংস্থানের ক্ষেত্রে জাপানিজ ভাষা জানা থাকা বাধ্যতামূলক। **এই কোর্স হতে** উত্তীর্ণ **প্রশিক্ষণার্থীদের বিএমইটি'র মাধ্যমে জাপানের International Manpower Development Organization, Japan (IM Japan) ডেলিগেট কর্তৃক নির্বাচিত হওয়া সাপেক্ষে বিনা খরচে জাপান যাওয়ার সুযোগ রয়েছে।** তাছাড়া Specified Skilled Worker (SSW) হিসেবে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ হতে জাপান বিপুল সংখ্যক কর্মী নিয়োগ করবে। SSW হিসেবে জাপান যেতে হলে কমপক্ষে জাপানিজ ভাষা দক্ষতায় Level-N4/ JFT Basic Test & SSW Skill Test পাশ থাকতে হবে। জাপানিজ ভাষা দক্ষতার Level-N4/ JFT Basic Test & SSW Skill Test-এ পাশ করলে সহজেই তাঁর জাপানে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনা রয়েছে। জাপানিজ ভাষা দক্ষতার Level-N4/ JFT Basic Test & SSW Skill Test-এ অংশগ্রহণে প্রস্তুতির জন্য এই কোর্স সহায়ক ভূমিকা পালন করবে।

[ভর্তির বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজনে সিনিয়র ইন্সট্রাক্টর জনাব মোঃ আনারুল ইসলাম [মোবাইল: 01720-902946] এর সাথে অথবা সরাসরি প্রতিষ্ঠানে যোগাযোগ করা যেতে পারে]

**(মোঃ মশিউর রহমান খান)**
সহকারী পরিচালক [চলতি দায়িত্ব]
ফোন নম্বর: ০২৪-৭৮৮২৫৬৭৯
Email: adatkhulna@gmail.com